দৈনিক খবর

তারিখ ... ৭:৯:৮৯ ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ৪ ...

# রাজশাহী ভার্সিটি ঃ ১২২ জন পরীক্ষার্থীর শাস্তিমূলক ব্যবস্থা

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ৬ই সেপ্টেম্বর।– পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও হলে শৃংখলা ভংগের অভিযোগে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১শ' ২২ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন।

এসব পরীক্ষার্থী ১৯৮৭ সালের আইন পূর্ব ও শেষভাগ, এম এ শেষভাগ, ৩য় বর্ষ বিকম অনার্স, ১৯৮৮ সালের ২য় বর্ষ অনার্স সাবসিডিয়ারী, ১৯৮৯ সালের অনার্স-সাবসিডিয়ারী পরীক্ষায় অংশগ্রহণ করেছিল।

এদের মধ্যে ২ জনকে ৩ বছর, ৪৪ জনকে ২ বছর, ১৪ জনকে ১ বছরের জন্য পরীক্ষায় অংশগ্রহণ নিষিদ্ধ করা হয়েছে। এছাড়াও ৬২ জনের শুধু সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল করা হয়েছে।